

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০২৫

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (کِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ ফযল বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমার বক্তব্যে যে সংখ্যা বলা হয়েছে, সেই সংখ্যা ছাড়া অন্য সংখ্যাকে নাকচ করা উদ্দেশ্য নয় মর্মে বর্ণনা

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَ الْفَصْلِ بْنِ الْعَبَّاسِ لَمْ يُرِدْ بِهِ نَفْيُ مَا وَرَاءَ هَذَا الْعَدرِ الْمَذْكُورِ فِي خِطَابِهِ

আরবী

3025 _ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسحاق بن إِبراهيم أَخبرنا المقرىء حَدَّثَنَا سَعِيدُ بْنُ أَبِي أَيُّوبَ: حَدَّثَنِي جَعْفَرُ بْنُ رَبِيعَةَ عَنْ مُجَاهِدِ بْنِ وَرْدَانَ عَنْ عُرْوَةَ: عَنْ عَائِشَةَ قَالَتْ: كُنْتُ عِنْدَ أَبِي بَكْرٍ حِينَ حَضَرَتْهُ الْوَفَاةُ فَتَمَثَّلْتُ بِهَذَا الْبَيْتِ: (مَنْ لَا يَزَالُ دَمْعُهُ مُقَنَّعاً يُوشِك أَنْ يَكُونَ مَدْفُوقًا)

فَقَالَ: يَا بُنَيَّةُ لَا تَقُولِي هَكَذَا وَلَكِنْ قُولِي: {وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ذَلِكَ مَا كُنْتَ مِنْهُ تَحِيدُ} [ق: 19] ثُمَّ قَالَ: فِي كَمْ كُفِّنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ: فِي ثَلَاثَةِ مِنْهُ تَحِيدُ} [ق: 19] ثُمَّ قَالَ: فِي كَمْ كُفِّنَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ فَقُلْتُ: فِي ثَلاثَةِ أَثْوَابٍ فَقَالَ: كَفِّنُونِي فِي ثوبيَّ هَذَيْنِ وَاشْتَرُوا إِلَيْهِمَا ثوباً جَدِيدًا فإنَّ الحيَّ أَحْوَجُ إِلَى الْجَديد مِنَ الميت وإنما هي للمهنة ـ أو للمُهْلَةِ ـ.

الراوي: عَائِشَةُ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3025 ا خلاصة حكم المحدث: صحيح _ وعند البخاري قصتة الكفن.

বাংলা

৩০২৫. আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, "যে সময় আবূ বকর রাদ্বিয়াল্লাহু আনহু মুহূর্বু অবস্থায় ছিলেন, তখন আমি তার কাছে ছিলাম। এসময় আমি কবিতার একটি চরণ আবৃতি করি, مَنْ لَا يَزَالُ مَدْفُوقًا وَمَنْ لَا يَزَالُ (যার চোখ কখনও অশ্রু ঝরাতো না, অচিরেই সে চোখ প্রবল অশ্রু বিসর্জন



দিবে)!" তখন আবৃ বকর রাদ্মাল্লাহু আনহু বলেন, "হে আমার মেয়ে, এরকম বলো না। বরং তুমি বলো, وَجَاءَتْ سَكْرَةُ الْمَوْتِ بِالْحَقِّ ذَلِكَ مَا كُنْتَ مِنْهُ تحِيدُ (আর সত্যিই মৃত্যু যন্ত্রণা উপস্থিত হয়েছে, এটা তো সেই জিনিস যা থেকে তুমি পলায়ন করতে। -সূরা কফ: ১৯)।"

তারপর তিনি জিজ্ঞেস করেন, "কয় কাপড়ে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে কাফন দেওয়া হয়েছিল?" আমি জবাবে বললাম, "তিন কাপড়ে।" তিনি বলেন, "তোমরা আমাকে এই দুই কাপড় এবং এর সাথে আরেকটি নতুন কাপড় ক্রয় করে তাতে কাফন দিবে। কেননা মৃতদের চেয়ে জীবিতরা নতুন কাপড় পাওয়ার বেশি হকদার। নিশ্চয়ই এটা কাজের পোশাক।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৪০; মুসান্নাফ আব্দুর রায্যাক: ৬১৭৬; সহীহুল বুখারী: ১৩৮৭; সুনান বাইহাকী: ৩/৩৯৯।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩০২৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন